গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিল্প মন্ত্রণালয়
ই-গভঃ ও আইসিটি অধিশাখা
৯১, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
www.moind.gov.bd

স্মারক নংঃ ৩৬.০৭৩.০১৬.০০.০০.১০৪.২০১৪-**৪২**

তারিখঃ ০১ ফাল্গুন ১৪১৯ / ১৩ ফেব্রুয়ারি ২০১৪

**বিষয়ঃ শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক গৃহীত-২০১৩ সালের কর্মপরিকল্পনার প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।**

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপন নং-০৪.০০.০০০০.২৩২.৩৫.০০৬.১৩-১৮, তারিখঃ ২৫ চৈত্র, ১৪১৯/০৮ এপ্রিল, ২০১৩।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক গৃহীত-২০১৩ সালের কর্মপরিকল্পনার প্রতিবেদন নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ১২ (বার) পাতা।

( মোঃ জহির আহমদ )
উপ-সচিব
ফোনঃ ৯৫৫২৪১৯
ই-মেইলঃ dsict@moind.gov.bd

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ
বাংলাদেশ সচিবালয়
ঢাকা-১০০০।
( দৃঃ আঃ উপ-সচিব, আইসিটি অধিশাখা)

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**শিল্প মন্ত্রণালয়**

## ইনোভেশন টিমের বার্ষিক প্রতিবেদন-২০১৩

জনপ্রশাসনে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন ও চর্চার লক্ষ্যে সরকার প্রত্যেক মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থা/জেলা/উপজেলা পর্যায়ে ইনোভেশন অফিসারের নেতৃত্বে একটি করে ইনোভেশন টিম গঠনের সিদ্ধান্ত গ্রহণ করে। গত ০৮ এপ্রিল ২০১৩ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগ থেকে জারিকৃত উক্ত সিদ্ধান্তের আলোকে শিল্প মন্ত্রণালয়ে একজন যুগ্ম-সচিবের নেতৃত্বে এবং মন্ত্রণালয়ের আওতাধীন সকল দপ্তর/সংস্থায় পরিচালক পর্যায়ের একজন কর্মকর্তার নেতৃত্বে ইনোভেশন টিম গঠন করে মন্ত্রিপরিষদ বিভাগে অবহিত করা হয়েছে।

০২। কাজের গতিশীলতা বৃদ্ধি ও নাগরিক সেবার মানোন্নয়নের লক্ষ্যে মন্ত্রণালয় ও এর আওতাধীন দপ্তর/সংস্থায় গঠিত ইনোভেশন টিমগুলো ২০১৩ সালে ৫৬ টি করণীয় বিষয় বাস্তবায়নের জন্য গ্রহণ করেছে। করণীয় বিষয়গুলো পূর্ণাঙ্গ বাস্তবায়নের জন্য স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদি বাস্তবায়নকাল দেখানো হয়েছে। সেখানে স্বল্প মেয়াদ বলতে এক বছর বা তার কম সময়, মধ্য মেয়াদ বলতে এক বছরের অধিক কিন্তু তিন বছরের কম এবং দীর্ঘ মেয়াদ বলতে তিন বছর থেকে অনধিক পাঁচ বছর পর্যন্ত সময় বুঝানো হয়েছে।

০৩। **শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনাঃ**

| ক্রমিক নং | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | গৃহীত করণীয় বিষয়ের সংখ্যা | স্বল্পমেয়াদি | মধ্যমেয়াদি | দীর্ঘমেয়াদি |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | শিল্প মন্ত্রণালয় | ০৮ | ০৭ | ০১ | - |
| ০২. | বিসিআইসি | ০৪ | ০৩ | ০১ | - |
| ০৩. | বিএসএফআইসি | ০৫ | ০৫ | - | - |
| ০৪. | বিএসইসি | ০৩ | ০৩ | - | - |
| ০৫. | বিসিক | ০৪ | ০৪ | - | - |
| ০৬. | বিএসটিআই | ১১ | ০৬ | ০১ | ০৪ |
| ০৭. | বিটাক | ০৩ | ০৩ | - | - |
| ০৮. | বিআইএম | ০১ | - | ০১ | - |
| ০৯. | ডিপিডিটি | ০২ | ০২ | - | - |
| ১০. | বিএবি | ০৪ | ০৪ | - | - |
| ১১. | এনপিও | ০৭ | ০৭ | - | - |
| ১২. | বয়লার অফিস | ০৪ | ০৪ | - | - |
| ১৩. | মোট | ৫৬ | ৪৮ | ০৪ | ০৪ |

০৪। **গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতিঃ**

ইনোভেশন টিম গঠনের পর ২০১৩ সালের জন্য গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নে টিমগুলো মাত্র ছয় মাস সময় পেয়েছে। তা সত্ত্বেও ২৩ টি করণীয় বিষয় বাস্তবায়িত হয়েছে। স্বল্প মেয়াদী ০৬ টি করণীয় বিষয় বাস্তবায়িত হলেও প্রাপ্ত সুফল ধরে রাখার জন্যে নিয়মিত তত্ত্বাবধান দরকার। বাস্তবায়িত এসকল করণীয় বিষয়গুলোকে চলমান রাখা হয়েছে। শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার ইনোভেশন টিম কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি নিম্নরূপঃ

| ক্রমিক নং | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | গৃহীত করণীয় বিষয়ের সংখ্যা | বাস্তবায়িত | বাস্তবায়নাধীন | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১. | শিল্প মন্ত্রণালয় | ০৮ | ০৩ | ০৫ | ০৬ টি করণীয় বিষয়ের কার্যক্রম শেষ হলেও তত্ত্বাবধান অব্যাহত আছে। |
| ০২. | বিসিআইসি | ০৪ | - | ০৪ | |
| ০৩. | বিএসএফআইসি | ০৫ | ০২ | ০৩ | |
| ০৪. | বিএসইসি | ০৩ | ০২ | ০১ | |
| ০৫. | বিসিক | ০৪ | ০৩ | ০১ | |
| ০৬. | বিএসটিআই | ১১ | ০৩ | ০৮ | |
| ০৭. | বিটাক | ০৩ | ০২ | ০১ | |
| ০৮. | বিআইএম | ০১ | - | ০১ | |
| ০৯. | ডিপিডিটি | ০২ | ০১ | ০১ | |
| ১০. | বিএবি | ০৪ | ০১ | ০৩ | |
| ১১. | এনপিও | ০৭ | ০৫ | ০২ | |
| ১২. | বয়লার অফিস | ০৪ | ০১ | ০৩ | |
| ১৩. | মোট | ৫৬ | ২৩ | ৩৩ | |

**০৫। ২০১৩ সালে শিল্প মন্ত্রণালয় এবং এর আওতাধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতির বিবরণঃ**

**(ক) শিল্প মন্ত্রণালয়**

| ক্রঃ নঃ | করণীয় বিষয় | প্রত্যাশিত ফলাফল | মেয়াদ | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|---|
| ০১. | ওয়াইড এরিয়া নেটওয়ার্ক ও ডাটা সেন্টার স্থাপন | মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম ডিজিটালাইজড্ হবে। ফলে কাজের গতি ও গুনগত মান বৃদ্ধি পাবে, সময় সাশ্রয় হবে এবং স্বচ্ছতা ও দক্ষতা বৃদ্ধি পাবে। | জুলাই ২০১৪ থেকে জুন ২০১৬ | বাজেটে অর্থ বরাদ্দের লক্ষ্যে ওয়াইড এরিয়া নেটওয়ার্ক ও ডাটাসেন্টার স্থাপন কর্মসূচিটি গত ২২-০৮-২০১৩ খ্রিঃ তারিখে অর্থ বিভাগে প্রেরণ করা হয়েছে। বর্তমানে উহা অর্থ মন্ত্রণালয়ে সংশ্লিষ্ট কমিটির সিদ্ধান্তের অপেক্ষায় আছে। |
| ০২. | শিল্প মন্ত্রণালয়ের আইসিটি সেল পুনর্গঠন | মন্ত্রণালয়ের তথ্য প্রযুক্তি সেবার মান উন্নয়ন এবং হার্ডওয়্যার/ সফট্ওয়্যার রক্ষণাবেক্ষণ কার্যক্রম নিশ্চিত হবে। | জুলাই ২০১৩ থেকে জুন ২০১৪ | শিল্প মন্ত্রণালয়ের আইসিটি সেল পুনর্গঠনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী বিদ্যমান জনবলের অতিরিক্ত ০৯ (নয়) সদস্য বিশিষ্ট আইসিটি সেলের জনবলসহ মোট ৩৩ জনবলের পদ সৃষ্টির প্রস্তাব অর্গানোগ্রামভুক্ত করার জন্য গত ২৭-১১-২০১৩ খ্রিঃ তারিখে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হলে জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদার প্রেক্ষিতে প্রস্তাব পুনরায় প্রশাসন এবং এপিডি অনুবিভাগে গত ০৬-০২-২০১৪ খ্রিঃ তারিখে প্রেরণ করা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | কাগজের ব্যবহার হ্রাসকরণ ও আন্তঃযোগাযোগের মাধ্যম হিসেবে ই-মেইলের ব্যবহার | চিঠিপত্র ডকুমেন্ট ইত্যাদি ইলেকট্রনিক পদ্ধতিতে আদান প্রদানের ব্যবস্থা গ্রহণের মাধ্যমে অর্থ এবং সময়ের অপচয় রোধ করা। মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয়ের নির্দেশ প্রতিপালন। জাতীয় তথ্য ও যোগাযোগ প্রযুক্তি নীতিমালার নির্দেশনা বাস্তবায়ন। | জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৩ | শিল্প মন্ত্রণালয়ের সকল প্রথম শ্রেণির কর্মকর্তাগণের অফিসিয়াল ই-মেইল খোলা হয়েছে। কর্মকর্তাগণ দপ্তর/সংস্থার ও অন্যান্য মন্ত্রণালয়ের মধ্যে ই-মেইলের মাধ্যমে যোগাযোগ করছেন। এছাড়া বর্তমানে মাসিক সমন্বয় সভা, অভ্যন্তরীণ মাসিক সমন্বয় সভা, অনিষ্পন্ন বিষয়ক সভাসহ সকল সভার নোটিশ ও কার্যবিবরণী ওয়েবসাইটে নিয়মিত প্রকাশ করা হচ্ছে। বিষয়টি বাস্তবায়ন করা হয়েছে এবং তত্ত্বাবধান করা হচ্ছে। |
| ০৪. | আইসিটি দক্ষতা বৃদ্ধিতে পরিকল্পনা গ্রহণ | সকল শ্রেণির কর্মকর্তা/কর্মচারীর দক্ষতা ও কাজের মান বৃদ্ধি পাবে। | জুলাই ২০১৩ থেকে জুন ২০১৪ | এ মন্ত্রণালয়ের কর্মরত ২য় শ্রেণির কর্মকর্তা এবং ৩য় শ্রেণির কর্মচারীদেরকে ইউনিকোডের ব্যবহারসহ আইসিটিতে দক্ষতা বৃদ্ধিকল্পে অভ্যন্তরীণ প্রশিক্ষণ শাখার মাধ্যমে প্রশিক্ষণ আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। |
| ০৫. | ইনহাউজ ট্রেনিং | কাজের গতিশীলতা আসবে এবং কর্মকর্তাদের দক্ষতা বৃদ্ধি পাবে। | জুলাই ২০১৩ থেকে চলমান | বিষয়টি বাস্তবায়িত হয়েছে এবং চলমান আছে। |
| ০৬. | প্রত্যেক কম্পিউটারে ইন্টারনেট সংযোগসহ সার্বক্ষণিক বিদ্যুৎ সরবরাহের ব্যবস্থা | নিরবচ্ছিন্নভাবে কাজ সম্পাদনে সহায়ক হবে। সময় সাশ্রয় হবে এবং কাজে গতিশীলতা আসবে। | জুলাই ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৩ | মন্ত্রণালয়ের সকল ১ম শ্রেণির কর্মকর্তার কম্পিউটারে ইউপিএসসহ ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। বিষয়টি বাস্তবায়িত। |
| ০৭. | এ মন্ত্রণালয়ের ০৫ (পাঁচ) টি উইং এ ১ (এক) টি করে ফটোকপিয়ার মেশিন স্থাপন | নিরবচ্ছিন্নভাবে কাজ সম্পাদনে সহায়ক হবে। সময় সাশ্রয় হবে এবং কাজে গতিশীলতা আসবে। | জুলাই ২০১৩ থেকে জুন ২০১৪ | শিল্প মন্ত্রণালয়ের প্রশাসন (সাধারণ সেবা) অধিশাখা হতে নতুন একটি ফটোকপিয়ার ক্রয় করা হয়েছে। ফটোকপিয়ার মেশিন উইং ভিত্তিক স্থাপনের কার্যক্রম চলছে। |
| ০৮. | শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটকে পূর্ণাঙ্গ ওয়েব পোর্টালে রূপান্তর করা | সরকারি যোগাযোগ এবং নাগরিক সুবিধা নিশ্চিত করতে সহায়ক হবে। | জুলাই ২০১৩ থেকে জুন ২০১৪ | শিল্প মন্ত্রণালয়ের ওয়েবসাইটের ভার্সন আপগ্রেডেশন এবং বাংলা ও ইংরেজি ভার্সনে ওয়েবসাইট প্রস্তুতকরণের বিষয়ে কন্টেন্ট সংগ্রহ করা হচ্ছে। আগামী এক মাসের মধ্যে কার্যক্রমটি সম্পন্ন হবে মর্মে আশা করা যায়। |

**(খ) বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন (বিসিআইসি)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | ফার্টিলাইজার ডিস্ট্রিবিউশন মনিটরিং সিস্টেম | কারখানা ও বাফার গুদামসমূহের বিতরণ, মজুদ ইত্যাদি তথ্য সরাসরি অনলাইনে ইনপুট এবং সেন্ট্রাল ডাটা বেইজে (আইসিটি বিভাগে) সংরক্ষণ ও বিভিন্ন ধরণের রিপোর্ট। | ৩১/১২/২০১৪ | প্রাথমিক স্টাডি সম্পন্ন হয়েছে। ডিপিপি প্রণয়নের বিষয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান রয়েছে। |
| ০২. | ওয়েবসাইট আপগ্রেডেশণ এবং বাংলা সংস্করণ সংযোজন। | সাধারণ জনগণ এর জন্য তথ্য সহজলভ্য করা। | ৩০/০৬/২০১৪ | ডায়নামিক স্ট্রাকচার সংযোজন করা হয়েছে। ইউনিকোড ভিত্তিক বাংলা সংযোজনের কাজ চলমান রয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | হিউম্যান রিসোর্স সিস্টেম আপগ্রেডেশন। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম গতিশীল করা এবং কর্তৃপক্ষের কাছে তথ্য প্রদানের ব্যবস্থা। | ৩০/০৬/২০১৪ | প্রোগ্রাম আপডেটের পাশাপাশি ডাটাবেইজ সংযোজনের কাজ চলছে। |
| ০৪. | লোকাল এরিয়া নেটওয়ার্ক আধুনিকায়ণ। | সংশ্লিষ্ট বিভাগের কার্যক্রম গতিশীল করা। | ৩০/০৬/২০১৪ | পুরাতন ল্যান এর হার্ডওয়্যার প্রতিস্থাপন ও আপডেটের জন্য ইকুইপমেন্ট ও ক্যাবল পরিবর্তনের কাজ চলছে। |

## (গ) বাংলাদেশ চিনি ও খাদ্য শিল্প কর্পোরেশন (বিএসএফআইসি)

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | ডেভেলপমেন্ট অ্যান্ড ইমপ্লিমেন্টেশন অফ ই-পুর্জি সফটওয়্যার ফর কেন প্রকিউরমেন্ট ইন-ফিফটিন সুগার মিলস্ | (ক) মিল হতে পুর্জি ইস্যু হওয়ার সাথে সাথে এ সংক্রান্ত বার্তা আখ চাষির মোবাইল অথবা অনুরোধে ব্যবহারযোগ্য মোবাইল ফোনে এসএমএস এর মাধ্যমে তা পৌঁছে যাবে।<br>(খ) মিল হতে পুর্জির এসএমএস প্রাপ্তির পর চাষিগণ নিকটস্থ যে কোন ইউনিয়ন তথ্য সেবা কেন্দ্র (UISC) থেকে অথবা ইন্টারনেট সংযোগসম্পন্ন যেকোন কম্পিউটার থেকে অনলাইন পুর্জি সংগ্রহ করতে পারবেন। এ ছাড়াও http:/www.epurjee.info ওয়েবসাইট হতে এসএমএস এ প্রাপ্ত পুর্জি নাম্বারটি ও মিলের নাম প্রদান করে তাৎক্ষনিকভাবে অনলাইনে পুর্জি কপিটি দেখতে পাবেন এবং প্রিন্ট নেয়া যাবে।<br>(গ) প্রাপ্ত এসএমএস পুর্জির ভিত্তিতেই চাষি নিশ্চিন্তে আখ সরবরাহের জন্য সকল কার্যক্রম শুরু করতে পারবেন।আখ ক্রয়ে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত হবে। | প্রতিবছর আখ মাড়াই মৌসুম (অক্টোবর - এপ্রিল) | প্রতিবছর আখ মাড়াই মৌসুমে বর্ণিত ই-পুর্জির সফটওয়্যারে আখ চাষিদের ডাটাবেজটি আপডেট করে তা চালুর ব্যবস্থা নেওয়া হয়। এটি একটি চলমান প্রক্রিয়া। |
| ০২. | ইন্টিগ্রেটেড একাউন্টিং, পে-রোল, প্রভিডেন্ট ফান্ড, ডিলারস ডাটাবেজ এর অধুনিকীকরণ | অটোমেশনের কারণে অফিসের কাজের গতিশীলতা, স্বচ্ছতা বৃদ্ধি এবং কাগজের ব্যবহার হ্রাস পাবে । | জুন/২০১৪ | সুগার ডিলারস ডাটাবেজ এর ডাটা এন্ট্রির কাজ শেষ হয়েছে। একাউন্টিং, পে-রোল এবং প্রভিডেন্ট ফান্ডের ডাটা বেজের ডাটা এন্ট্রির কাজ চলছে। আশা করা যায় আগামী ফেব্রুয়ারি মাসের মধ্যে ডাটা এন্ট্রির কাজ শেষ হবে। |
| ০৩. | বিএসএফআইসি'র স্ট্যাটিক ওয়েবসাইটটিকে ডাইনামিক ওয়েবসাইট এ রূপান্তরকরণ | বিএসএফআইসি'র যাবতীয় মৌলিক তথ্যাবলীসহ টেন্ডার বিজ্ঞপ্তিসমূহ এবং জনগুরুত্বপূর্ণ সেবা ওয়েবসাইটে দেয়া হচ্ছে। এতে অফিসের কাজের স্বচ্ছতা ও গতিশীলতা বৃদ্ধি পাচ্ছে । | জুলাই/২০১৪ | ওয়েবসাইটের তথ্যবলী প্রতিনিয়তই আপলোড এবং আপডেট করা হচ্ছে। তবে অনলাইনে টেন্ডার দাখিলের প্রক্রিয়া জুলাই/১৪ মাসে সমাপ্ত হবে আশা করা যায়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৪. | বিএসএফআইসি'র সদর দপ্তরে LAN ব্যবস্থাপনা চালুকরণ | LAN এর আওতায় দাপ্তরিক ফাইল, নথি আদান প্রদান , প্রিন্টিং ইত্যাদি কাজের গতিশীলতা ও স্বচ্ছতা বৃদ্ধি পাবে। কাগজের ব্যবহার হ্রাস পাবে। সাশ্রয়ী মূল্যে ইন্টারনেট ব্যবহার করা সম্ভব হবে। | মার্চ/২০১৪ | বিএসএফআইসি'র সদর দপ্তরে LAN ব্যবস্থাপনা চালু করা হচ্ছে। প্রথমিক পর্যায়ে ২৪টি পিসিতে ইন্টারনেট চালুর বিষয়টি প্রক্রিয়াধীন আছে। |
| ০৫. | বিএসএফআইসি'র আওতাধীন কেরু এ্যান্ড কোম্পানি (বিডি) লিঃ এর ডাইনামিক ওয়েবসাইট প্রস্তুত প্রসংগে। | কেরু অ্যান্ড কোম্পানি (বিডি) লিঃ এর উৎপাদিত পন্য বিশেষকরে ফরেন লিকারের বিপণন বৃদ্ধি কল্পে পার্শ্ববর্তী দেশগুলোর সঙ্গে সার্বক্ষণিক অনলাইনে যোগাযোগ রক্ষা করা । | জুলাই/২০১৩ | বাস্তবায়িত হয়েছে। |

## (ঘ) বাংলাদেশ ইস্পাত ও প্রকৌশল কর্পোরেশন (বিএসইসি)

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | শিল্প প্রতিষ্ঠানসমূহ কর্তৃক উৎপাদিত পণ্য সমূহের বিবরণ জনসাধারণের অবগতির নিমিত্ত ওয়েবসাইটে প্রচার। | জনগণ বিএসইসি'র শিল্প প্রতিষ্ঠান সমূহ কর্তৃক উৎপাদিত পণ্যসমূহ সম্পর্কে অবগত হয়ে ক্রয়ে ও ব্যবহার উদ্বুদ্ধ হবে। | জুলাই'২০১৩-ডিসেম্বর ২০১৩ | বাস্তবায়িত |
| ০২. | হিসাব বিভাগের হিসাব সংক্রান্ত কার্যাদি সম্পাদন দ্রুত ও সহজীকরণের পন্থা উদ্ভাবন। | প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের হিসাব দ্রুততার সাথে যথাযথভাবে সম্পাদন ও সংরক্ষণ করা যাবে। | জুলাই'২০১৩-ডিসেম্বর ২০১৩ | হিসাব বিভাগের সফট্ওয়্যারটি বর্তমানে Cobol Language এ আছে। উহাকে আপডেট করে Oracle ভার্সনে নেয়া হবে। বর্তমানে নিজস্ব প্রোগ্রামার দ্বারা হিসাব বিভাগের জার্নাল ভাউচার এবং ক্যাশ ভাউচার Oracle ভার্সনে নেয়া হয়েছে। অবশিষ্ট কাজ খুব শীঘ্রই সমাপ্ত হবে। |
| ০৩. | কাগজের ব্যবহার হ্রাসকরণ ও দ্রুত চিঠি/ডকুমেন্ট সমূহ প্রেরণের ব্যবস্থাকরণ। | চিঠি/ডকুমেন্ট সমূহ দ্রুত গন্তব্যস্থানে পৌছান যাবে এবং অনেকাংশে কাগজের ব্যবহার হ্রাস পাবে। | জুলাই'২০১৩-ডিসেম্বর ২০১৩ | বাস্তবায়িত। |

## (ঙ) বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প কর্পোরেশন (বিসিক)

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | ভার্চুয়াল শপের মাধ্যমে অনলাইনে ক্ষুদ্র ও কুটির শিল্পের পণ্য বিপণন সুবিধা প্রদান। | ১)ক্ষুদ্র ও কুটির শিল্পখাতের উৎপাদিত সম্প্রসারণপণ্যের অনলাইনে বিপণন সুবিধা প্রদানের মাধ্যমে বাজার সম্প্রসারণ ঘটবে,<br>২)নতুন নতুন শিল্প স্থাপনের মাধ্যমে নতুন কর্মসংস্থান সৃষ্টি হবে,<br>৩)দেশে আয় ও কর্মসংস্থান বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্যতা হ্রাস পাবে,<br>৪)অর্থনীতিতে ক্ষুদ্র ও কুটির শিল্পখাতের অবদান বৃদ্ধি পাবে। | জুলাই'২০১৩-জুন'২০১৪ | শিল্প পণ্যের তথ্য উপাত্ত সংগ্রহ করে বিশ্লেষণ পূর্বক Technical Specification প্রণয়ন করা হয়েছে। এ সংক্রান্ত Software ও database development এর জন্য দরপত্র আহবানের কাজ শীঘ্রই শুরু হবে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | ই-সার্ভিস (অনলাইন সার্ভিস অটোমেশন) ইত্যাদি কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে ইন হাউস প্রশিক্ষণ প্রদান। | বিসিকের অনলাইন সেবা ও অটোমেশন কার্যক্রম গতিশীল করণ। | জুলাই'১৩-ডিসেম্বর'১৩ | বিসিকের নিজস্ব কমপিউটার ল্যাবে ICT সংশ্লিষ্ট কর্মকর্তাদের তত্ত্বাবধানে বিসিকের ২০০জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। |
| ০৩. | শিল্প প্লট বরাদ্দদান, শিল্পের নিবন্ধন প্রদান এবং দক্ষতা উন্নয়ন (উদ্যোক্তা উন্নয়নসহ) প্রশিক্ষণ প্রদানের অনলাইন সিষ্টেম তৈরি ও বাস্তবায়ন। | ম্যানুয়াল পদ্ধতির পরিবর্তে বিসিকের অনলাইন সেবা উদ্যোক্তাদের মাঝে সহজে প্রদান। | জুলাই'১৩-ডিসেম্বর'১৩ | বাস্তবায়িত। |
| ০৪. | বিসিকের অটোমেশন কার্যক্রমের ৪টি customized software এর উন্নয়ন। | বিসিকের কার্যক্রমে গতিশীলতা সৃষ্টি, কাগজের ব্যবহার হ্রাস ও রিপোর্টিং সময় হ্রাসকরণ। | জানুয়ারি'১৩-ডিসেম্বর'১৩ | বিসিকের কার্যক্রমে গতিশীলতা আনয়নে ব্যবহৃত MIS, Personnel information, Accounting system এবং Payroll System software এ ৪ টি Software এর উন্নয়নের মাধ্যমে আরও কার্যপযোগী করা হয়েছে। |

## (চ) বাংলাদেশ স্ট্যান্ডর্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই)

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | মহা-পরিচালক মহোদয়সহ উর্ধ্বতন কর্মকর্তাদের জন্য বিএসটিআই এর নিজস্ব ডোমেইন সম্বলিত ই-মেইল আইডি চালু করা। | সংস্থার নিজস্ব পরিচিতিসহ ই-মেইলের নির্ভরযোগ্যতা ও নিরাপত্তা নিশ্চিতকরণ। | ২৬-০৮-১৩ হতে ২৬-০২-১৪ পর্যন্ত | ১০টি ডোমেইন সম্বলিত ই-মেইল আইডি তৈরিকরণের বিষয়ে ডোমেইন সরবরাহকারী প্রতিষ্ঠানের সাথে আলোচনা হয়েছে। যা ফেব্রুয়ারি/১৪ মাসের মধ্যে সম্পন্ন হবে। |
| ০২. | বিএসটিআই এর বাধ্যতামূলক Certification Marks এর আওতাভূক্ত পণ্য-সামগ্রীর প্রকৃত উৎপাদনকারীদের তালিকা এবং তাদের Licence সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিএসটিআই এর ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা নেয়া। | মান সম্পন্ন পণ্য উৎপাদনকারীদের তালিকা সর্বসাধারণের জন্য উন্মুক্তকরন এবং লাইসেন্স সংক্রান্ত তথ্যাদির স্বচ্ছতা প্রদান। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৫ পর্যন্ত | এ পর্যন্ত বিএসটিআই এর যে সকল সিএম লাইসেন্সের বৈধতা বাতিল করা হয়েছে সেগুলো ইতোমধ্যে তিন দফায় ওয়েবসাইটে দেয়া হয়েছে। এখন সিএম উইং কর্তৃক Priority ভিত্তিতে পণ্যসমূহের বৈধ লাইসেন্স এর একটি তালিকা প্রণয়নপূর্বক ওয়েব সাইটে প্রকাশের কার্যক্রম চলছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩. | Certification Marks Licence সহ CM Fee এবং প্রয়োজনীয় ডকুমেন্টেসের Checklist সহ Supporting Documents Online এ গ্রহণের ব্যবস্থা নেয়া। | কাজের গতি ও স্বচ্ছতা বৃদ্ধিসহ দ্রুত জনসেবা প্রদান করা সম্ভব হবে। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৪ পর্যন্ত | Certification Marks Licence সহ CM Fee এবং প্রয়োজনীয় ডকুমেন্টেসের Checklist সহ Supporting Documents Online-এ গ্রহণ সংক্রান্ত বিষয়ে গত ১৯-০১-২০১৪ তারিখে মহা-পরিচালক মহোদয়ের সভাপতিত্বে International Finance Corporation (IFC) এর প্রতিনিধির সঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং বর্ণিত বিষয়টি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে। |
| ০৪. | বিএসটিআই এর Management System Certification প্রাপ্তদের তালিকা এবং তাদের Licence সংক্রান্ত যাবতীয় তথ্যাদি বিএসটিআই এর ওয়েবসাইটে প্রদর্শনের ব্যবস্থা নেয়া। | কাজের গতি, স্বচ্ছতা বৃদ্ধিসহ দ্রুত জনসেবা প্রদান করা সম্ভব হবে। | ২৬-০৮-১৩ হতে ২৬-০২-১৪ পর্যন্ত | বাস্তবায়িত |
| ০৫. | জনস্বার্থে বিএসটিআই এর কার্যক্রম সম্পর্কে বিভিন্ন তথ্য, স্লোগান, নিউজ, পরীক্ষণ সুবিধা, জনসচেতনেতামূলক তথ্য ইত্যাদি প্রতি ০৬(ছয়) মাস অন্তর মোবাইল ফোনের এসএমএস এর মাধ্যমে জনগণকে অবহিতকরণের ব্যবস্থা নেয়া। | মোবাইল এসএমএস এর মাধ্যমে বিএসটিআই এর সেবা সমূহ জনগনের কাছে পৌছে দেয়া। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৪ পর্যন্ত | বাস্তবায়িত |
| ০৬. | Management System Certification সংক্রান্ত Application Form টি বিএসটিআই এর ওয়েবসাইট হতে Download করার ব্যবস্থা নেয়া। | কাজের গতি ও স্বচ্ছতা বৃদ্ধিসহ দ্রুত জনসেবা প্রদান করা সম্ভব হচ্ছে। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৪ পর্যন্ত | বাস্তবায়িত |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৭. | বিএসটিআই এর প্রশাসন উইং এর জন্য যুগোপযোগী একটি ওয়েব/ERP/SAP ভিত্তিক Personnel Management Software Implement করা। | বিএসটিআই কে পূর্ণাঙ্গ অটোমেশনের আওতায় আনা সম্ভব হবে। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৮ পর্যন্ত | বিএসটিআই এর হিসাব শাখার জন্য একটি Customized Accounting Software, Library Management System Software এবং Personal Information Management Software তৈরি করার জন্য আইসিটি সেলের মাধ্যমে বেশ কয়েকটি প্রস্তাব সংগ্রহ করা হয়েছে। |
| ০৮. | বিএসটিআই এর হিসাব শাখার জন্য (ওয়ান স্টপ সার্ভিস সেন্টার সহ) যুগোপযোগী ও Oracle Database সমৃদ্ধ একটি ওয়েব ভিত্তিক Customized Accounting Software Implement করা। | স্বচ্ছতা বৃদ্ধিসহ বাজেট ব্যবস্থাপনা দ্রুততর হবে। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৮ পর্যন্ত | বিএসটিআই এর হিসাব শাখার জন্য একটি Customized Accounting Software, Library Management System Software এবং Personal Information Management Software তৈরি করার জন্য আইসিটি সেলের মাধ্যমে বেশ কয়েকটি প্রস্তাব সংগ্রহ করা হয়েছে। |
| ০৯. | বিএসটিআই এর CM Licence ইস্যুর জন্য Web based Customized Software তৈরি করা। | কাজের গতি ও স্বচ্ছতা বৃদ্ধিসহ দ্রুত জনসেবা প্রদান করা সম্ভব হবে। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৮ পর্যন্ত | Certification Marks Licence সহ CM Fee এবং প্রয়োজনীয় ডকুমেন্টেসের Checklist সহ Supporting Documents Online এ গ্রহণ সংক্রান্ত বিষয়ে গত ১৯-০১-২০১৪ তারিখে মহা-পরিচালক মহোদয়ের সভাপতিত্বে International Finance Corporation (IFC) এর প্রতিনিধির সঙ্গে একটি সভা অনুষ্ঠিত হয়েছে এবং বর্ণিত বিষয়টি সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে একটি টেকনিক্যাল কমিটি গঠন করা হয়েছে। |
| ১০. | বিএসটিআই এর মান উইং এর জন্য যুগোপযোগী একটি Web based customized Library Management System Software Implement করা। | দ্রুত জনসেবা প্রদান করা সম্ভব হবে। | ২৬-০৬-১৩ হতে ২৬-০৬-১৮ পর্যন্ত | বিএসটিআই এর হিসাব শাখার জন্য একটি Customized Accounting Software, Library Management System Software এবং Personal Information Management Software তৈরি করার জন্য আইসিটি সেলের মাধ্যমে বেশ কয়েকটি প্রস্তাব সংগ্রহ করা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ১১. | বিএসটিআই এর পদার্থ পরীক্ষণ উইং এ LAN Setup করা। | ডাটাসহ ইন্টারনেট কানেকশন শেয়ার করা সম্ভব হবে। | ২৬-০৮-১৩ হতে ২৬-০২-১৪ পর্যন্ত | পদার্থ পরীক্ষণ উইং এ LAN Setup করার Server সহ IT Equipments ক্রয়ের কার্যক্রম চলছে। |

**(ছ) বাংলাদেশ শিল্প ও কারিগরি সহায়তা কেন্দ্র (বিটাক)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | এসএমএস এর মাধ্যমে নির্বাচিত প্রশিক্ষণার্থীকে অবগত করা। | নির্বাচিত প্রশিক্ষণার্থীদের তথ্য/ফলাফল মোবাইল ফোনের এসএম এস এর মাধ্যমে শিক্ষার্থীদের কাছে পৌঁছে দেয়ার ফলে আইসিটি নীতিমালা-২০০৯ এর ক্রমিক নং-৯৯ এ উল্লিখিত করণীয় বিষয়টি বাস্তবায়নে সহায়ক হবে। | নভেম্বর ১৩ - জানুয়ারি ১৪ | এসএমএস এর মাধ্যমে SEPA নির্বাচিত প্রশিক্ষর্ণীদেরকে অবগত করার কাজ নভেম্বর/১৩ মাস থেকে শুরু করা হয়েছে। |
| ০২. | বিটাক ঢাকা কেন্দ্রের সকল কর্মকর্তা, কর্মচারীর অফিসে উপস্থিতি এবং বহির্গমন ডিজিটাল টাইম এটেন্টডেন্ট মেশিনের মাধ্যমে নিশ্চিতকরণ। | যথাযথ সময়ে অফিসে উপস্থিতি ও বহির্গমনের ফলে উৎপাদন বৃদ্ধি ও কর্মচারীদের (ওভারটাইম) অতিরিক্ত কাজের সময় নিয়ন্ত্রণ সহজ হবে। | সেপ্টেম্বর ১৩- ডিসেম্বর ১৩ | বিটাক ঢাকা কেন্দ্রের সকল কর্মকর্তা, কর্মচারীর অফিসে উপস্থিতি এবং বহির্গমন ডিজিটাল টাইম এটেন্টডেন্ট মেশিনের মাধ্যমে ইতোমধ্যে বাস্তবায়ন করা হয়েছে। |
| ০৩. | বিটাকের বাহিরে ও অভ্যন্তরীণ নিরাপত্তা জোরদার করার জন্য সিসি টিভি ক্যামেরা, অগ্নির্নিবাপক সিস্টেম স্থাপনকরণ। | উৎপাদনের গতিশীলতা বৃদ্ধি পাবে ও নিরাপদ, ঝুকিমুক্ত কর্মপরিবেশ সৃষ্টি হবে। | সেপ্টেম্বর ১৩- ডিসেম্বর ১৩ | বিটাকের নিরাপত্তা জোরদার করার জন্য সিসি টিভি ক্যামেরা, অগ্নির্নিবাপক সিস্টেম স্থাপনকরণ ৫০% সম্পাদন করা হয়েছে। |

**(জ) বাংলাদেশ ইন্সটিটিউট অব ম্যানেজমেন্ট (বিআইএম)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | ই-লার্নিং প্লাটফরম প্রস্তুতকরণ। | "ই-লার্নিং প্লাটফরম" এর সাহায্যে দেশের যে কোন স্থান হতে কোর্স সম্পর্কিত গুরুত্বপূর্ন সেবাসমূহ অনলাইনে পাবার ব্যবস্থাকরণ। | জুন ২০১৩- ডিসেম্বর ২০১৪ | প্রধানমন্ত্রীর কার্যালয়ের এ-টু-আই প্রকল্পের অধীনে বিআএম-এ "ই-লার্নিং প্লাটফরম" তৈরির কাজ প্রাথমিক ভাবে শেষ হয়েছ যা ২০১৪ সনের পিজিডি কোর্স সমূহ ও স্বল্পকালীন কোর্স সমূহে এর ব্যবহারিক প্রয়োগ হবে। |

**(ঝ) পেটেন্ট, ডিজাইন ও ট্রেডমার্কস অধিদপ্তর (ডিপিডিটি)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | রিসেপশন সেকশনকে অটোমেশনের আওতায় আনা। | তাৎক্ষণিকভাবে জনসেবা দেয়া সম্ভব হবে। | সেপ্টেম্বর'১৩- নভেম্বর'১৩ | বাস্তবায়িত হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২. | Patents, Designs & Trademarks data capturing | ডাটা ক্যাপচারিং সম্পন্ন হলে কাজের গতি বৃদ্ধি পাবে, কাজের স্বচ্ছতা বৃদ্ধি পাবে। জনগণকে তাৎক্ষণিক সেবা প্রদান করা সম্ভব হবে। | মার্চ'১৩- মার্চ'১৪ | বাস্তবায়নাধীন। ইতোমধ্যে ৮০% ডাটা ক্যাপচারিং সম্পন্ন হয়েছে। অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন হবে। |

**(ঞ) বাংলাদেশ এ্যাক্রেডিটেশন বোর্ড (বিএবি)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | এ্যাক্রেডিটেশন বিষয়ক ডাটাবেজ তৈরিকরণ এবং নিজস্ব সার্ভার স্থাপন। | এ্যাক্রেডিটেশন সংক্রান্ত সকল গুরুত্বপূর্ণ তথ্যাবলী সংরক্ষণ এবং নিয়মিত আদান-প্রদানের মাধ্যমে এ্যাক্রেডিটেশন প্রক্রিয়ায় গতিশীলতা বৃদ্ধি। | মার্চ/২০১৪ | প্রজেক্ট হতে কোটেশন আহবান করা হয়েছে। |
| ০২. | এ্যাক্রেডিটেশনের আবেদনপত্র গ্রহণ এবং মূল্যায়ন প্রক্রিয়া অনলাইনে চালুকরণ। | আবেদন প্রক্রিয়াকে ত্বরান্বিত করা। | জুন/২০১৪ | তথ্য সংগ্রহের কাজ চলছে। |
| ০৩. | বিএবি'র ওয়েবসাইটটিকে আরও ডাইনামিক করা হবে। | ওয়েবসাইটটি আরও বেশি ব্যবহার বান্ধব হবে। | জুন/২০১৪ | ইকুইপমেন্ট সংগ্রহ করা হয়েছে। ইনস্টলেশন এবং সফটওয়্যার ডেভেলপমেন্ট এর কাজ প্রক্রিয়াধীন। |
| ০৪. | ইন-হাউজ আইসিটি বিষয়ক প্রশিক্ষণ কোর্স আয়োজন। | সকল কর্মকর্তা ও কর্মচারীদের আইসিটি বিষয়ে জ্ঞান বৃদ্ধি করা। | জুন/২০১৪ | ইতোমধ্যে ১টি প্রশিক্ষণ আয়োজন করা হয়েছে। |

**(ট) ন্যাশনাল প্রডাক্টিভিটি অর্গানাইজেশন (এনপিও)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | ওয়েবসাইট ডেভেলপ, আপগ্রেড ও আপডেট | দেশের যে কোন স্থান হতে জীবিকা এবং মানব সম্পদ উন্নয়ন সম্পর্কিত ন্যাশনাল প্রোডাকটিভিটি অর্গানাইজেশন (এনপিও) এর গুরুত্বপূর্ণ নাগরিক সেবা সমূহ অনলাইনে জনগন পাবে । | জুন- জুলাই/১৩ | বাস্তবায়ন করা হয়েছে। |
| ০২. | বিভিন্ন সেক্টরের প্রশ্নমালা আপলোড | শিল্প ও সেবা প্রতিষ্ঠান সমূহ খুব সহজেই প্রশ্নমালা পুরন করে পাঠাতে পারবে। | আগস্ট/ ২০১৩ | বাস্তবায়ন করা হয়েছে। |
| ০৩. | বিভিন্ন মোবাইল অপারেটরের মাধ্যমে জাতীয় উৎপাদনশীলতা দিবসের বার্তা প্রেরণ । | সরকারি ঘোষণা অনুযায়ী প্রতি বছর ০২ অক্টোবর তারিখে জাতীয় উৎপাদনশীলতা দিবস পালনের জন্য বিভিন্ন মোবাইল অপারেটরদের মাধ্যমে জাতীয় উৎপাদনশীলতা দিবস এর প্রতিপাদ্য বিষয় দেশের আপামর জনগন জ্ঞাত হবে। | সেপ্টেম্বর/ ২০১৩ | বাস্তবায়ন করা হয়েছে। |
| ০৪. | বিভিন্ন সেক্টরের উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা প্রতিবেদন আপলোড | শিল্প ও সেবা প্রতিষ্ঠান সমূহ উৎপাদনশীলতা বিষয়ক গবেষণা প্রতিবেদন হতে উৎপাদনশীলতা বিষয়ে তাঁদের স্ব স্ব অবস্থান সম্পর্কে ধারনা পাবে। | মে/ ২০১৩- জুন/২০১৪ | বাস্তবায়নাধীন/গবেষণা প্রতিবেদন প্রণয়নের কাজ ৫০% সমাপ্ত করা হয়েছে। পূর্ণাঙ্গ প্রতিবেদন প্রণয়নের পর নির্ধারিত সময়ের মধ্যে উহা আপলোড করা হবে। |
| ০৫. | বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি, সেমিনার ও ওয়ার্কশপ এর তালিকা প্রকাশ | কর্মপরিকল্পনা অনুযায়ী উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ কর্মসূচি, সেমিনার ও ওয়ার্কশপ ইত্যাদিতে প্রশিক্ষণার্থীগন অংশগ্রহনের সুযোগ সৃষ্টি হবে। | মে-ডিসেম্বর /২০১৩ | বাস্তবায়ন করা হয়েছে। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬. | প্রতি বছর "ন্যাশনাল প্রোডাক্টিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড " প্রদানের লক্ষ্যে আবেদন ফরম আপলোড করা | শিল্প প্রতিষ্ঠান সমূহ ওয়েব সাইট হতে "ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" এর আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে পারবে। | ডিসেম্বর/ ২০১৩ | বাস্তবায়নাধীন/"ন্যাশনাল প্রোডাকটিভিটি এন্ড কোয়ালিটি এক্সিলেন্স এওয়ার্ড" এর আবেদন ফরম যুগোপযোগী করে ওয়েব সাইটে প্রকাশ করা হবে । |
| ০৭. | অনলাইনে প্রশিক্ষণের জন্য আবেদন গ্রহণ ও মনোনয়ন । | উৎপাদনশীলতা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণের জন্য শিল্প/সেবা প্রতিষ্ঠান সমূহ অনলাইনে আবেদন ও যোগাযোগ রক্ষা করতে পারবে | মে-ডিসেম্বর /২০১৩ | বাস্তবায়িত। নিয়মিত তত্ত্বাবধান অব্যাহত আছে। |

**(ঠ) প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয় (বয়লার অফিস)**

| | | | | |
|---|---|---|---|---|
| ০১. | বয়লার ব্যবহারকারীর মোবাইল নাম্বার ও ই-মেইল এ্যাড্রেস সংগ্রহ করে ডাটাবেস তৈরি। | ডাটাবেস তৈরি করার ফলে দ্রুত যোগাযোগ করা সম্ভব হবে। | সেপ্টেম্বর, ২০১৩ থেকে ডিসেম্বর, ২০১৩ | তথ্যের জন্য পত্র প্রেরণ করা সম্পন্ন হয়েছে। ২৫% তথ্য পাওয়া গিয়েছে। বাকী তথ্য ডিসেম্বর'১৪ এর মধ্যে সংগ্রহের চেষ্টা চলছে। ডাটাবেজ তৈরির কার্যক্রম শুরু করা হয়েছে। |
| ০২. | মোবাইল বার্তা ও ই-মেইল এর মাধ্যমে বয়লার ব্যবহারকারীদের সাথে যোগাযোগ স্থাপন। | বয়লার নবায়নের জন্য তাগিদপত্র প্রেরণ ও পরিদর্শনের দিন ধার্যকরণ দ্রুততার সাথে করা সম্ভব হবে। | সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৩ | কার্যক্রম শুরু করা হয়েছে। ই-মেইল ও মোবাইলের মাধ্যমে যোগাযোগ করা হচ্ছে। বাকী কাজ ডিসেম্বর' ১৪ এর মধ্যে সম্পন্ন করার প্রক্রিয়া চলছে। |
| ০৩. | নতুনভাবে বয়লার রেজিস্ট্রেশনকারীর মোবাইল নাম্বার ও ই-মেইল এ্যাড্রেস সংরক্ষণ। | বয়লার রেজিষ্ট্রেশন দ্রুততার সাথে করা সম্ভব হবে। | সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৩ এবং পরবর্তীতে ধারাবাহিকভাবে আপডেট করা হবে। | কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। নতুনভাবে রেজিস্ট্রেশনকৃত বয়লারের কার্যক্রম ধারাবাহিকভাবে আপডেট করা হচ্ছে এবং বিষয়টি চলমান আছে। |
| ০৪. | বয়লার অফিসের স্ট্যাটিক ওয়েবসাইটকে ডাইনামিক ওয়েবসাইটে রূপান্তর। | বয়লার অফিসের ওয়েবসাইটকে অধিকতর তথ্যবহুল ও নিয়মিত ডাটা আপডেট সম্ভব হবে। | সেপ্টেম্বর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৩ | ডায়নামিক ওয়েব সাইটের কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। আগামী এপ্রিল'২০১৪ এর মধ্যে কার্যক্রমটি সম্পন্ন করার প্রক্রিয়া চলছে। |

০৭। জাতীয় তথ্য ও প্রযুক্তি নীতিমালা-২০০৯ এর আওতায় শিল্প মন্ত্রণালয় সম্পর্কিত করণীয় বিষয়গুলো বাস্তবায়নের জন্য শিল্প মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিবের সভাপতিত্বে প্রতিমাসে সভা অনুষ্ঠিত হয়ে থাকে। উক্ত সভায় শিল্প মন্ত্রণালয় ও এর আওতাধীন সকল দপ্তর/সংস্থার চিফ ইনোভেশন অফিসার/ইনোভেশন অফিসারবৃন্দ অংশগ্রহণ করেন এবং সভায় ইনোভেশন টিমের কর্মকান্ডও আলোচনা করা হয়। ইনোভেশন টিম কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনার বাস্তবায়ন অগ্রগতি মন্ত্রণালয়ের মাসিক সমন্বয় সভায় নিয়মিত উপস্থাপন ও পর্যালোচনা করা হয়। এরূপ কার্যক্রম অব্যাহত থাকলে শিল্প মন্ত্রণালয়ে কাজের গতিশীলতা ও উদ্ভাবনী দক্ষতা বৃদ্ধি পাবে এবং নাগরিক সেবা প্রদান প্রক্রিয়া দ্রুত ও সহজ হবে।

২৩/০২/২০১৪

(নিমাই চন্দ্র পাল)
যুগ্ম-সচিব
শিল্প মন্ত্রণালয়
ও
চিফ ইনোভেশন অফিসার